

বাংলাদেশ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি নামে বগুড়ায় বেসরকারি বিশ্ববিদ্যালয়

বগুড়া প্রতিনিধি : বাংলাদেশ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (বাস্ট) নামে বগুড়ায় বেসরকারি উদ্যোগে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হচ্ছে। চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি কনওয়েলথ-এর আইটি কো-অর্ডিনেটর ও ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ডিজিটাল প্রফেসর মোঃ লুৎফুর রহমানকে এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এটি স্থাপিত হলে এটাই হবে বগুড়ার প্রথম বিশ্ববিদ্যালয়।

গত সোমবার দুপুরে বগুড়া প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হুপতি এম এইচ এস শাহজাহান একথা জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য ইতিমধ্যে আট সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

তিনি জানান, এই বিশ্ববিদ্যালয় হবে সম্পূর্ণ রাজনীতিমুক্ত ও আন্তর্জাতিক মানসম্মত বিজ্ঞান ও কারিগরি বিশ্ববিদ্যালয়। এটি মঞ্জুরি কমিশনের অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন হবে। প্রাথমিকভাবে বগুড়া সদরের চৈঙ্গামারায় এই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চলবে।

সংবাদ সম্মেলনে ডিসি ছাড়াও পরিকল্পনা কমিটির সহ-সভাপতি অধ্যাপিকা হোসনে আরা বেগম, পরিচালক আব্দুল মান্নান সরকার, মোজাম্মেল হক শাহ, গোলাম রসুল খান বানু, জাহেদুর রহমান উপস্থিত ছিলেন।